

পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট



রাজশাহী বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ০১/২০২০

তারিখ: ১৯.০১.২০২০

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউটে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম: ফেলো (সহকারী অধ্যাপক পদমর্যাদা) = ০১ (এক) টি স্থায়ী পদ ও
০২(দুই) টি অস্থায়ী পদ

(প্রচলিত ভাতাদি, ৮ম জাতীয়
বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)

বেতনক্রম: ফেলো (সহকারী অধ্যাপক পদমর্যাদা) পদে টা: ৩৫,৫০০/-৬৭,০১০/-

উপর্যুক্ত পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা নিম্নে উল্লেখ করা হলো। Online পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে ০৯ (নয়) সেট দরখাস্ত ১৩-০২-২০২০ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে। আবেদন ফি এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের Website-এ পাওয়া যাবে।

স্বা.:/-

(প্রফেসর ড. গোলাম সাব্বির সান্তার)

পরিচালক

পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট

রাজশাহী বিশ্ববিদ্যালয়

শিক্ষাগত যোগ্যতাঃ ফেলো (সহকারী অধ্যাপক পদমর্যাদা পদের জন্য)

- ১। (ক) সনাতন পদ্ধতিতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় যে- কোন একটিতে প্রথম বিভাগ এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ থাকতে হবে।
(খ) গ্রেডিং পদ্ধতিতে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপি (গ্রেড পয়েন্ট ৫.০০ স্কেলে যে-কোন একটিতে ন্যূনতম ৪.০০ এবং অন্যটিতে ৪.৫০ থাকতে হবে।
- ২। আবেদনকারীর স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই ভূগোল/ নগর ও অঞ্চল পরিকল্পনা, সমাজ বিজ্ঞান/ সমাজকর্ম, CSE (Computer Science and Engineering) বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রী/ সমমানের ডিগ্রী এবং GI/RS (জিওইনফরমেটিক্স/ রিমোট সেন্সিং) ও GIS (Geographical Information System), Computer Modeling বিষয়ে উচ্চতর ডিগ্রী (এম.ফিল/ পি.এইচ.ডি.) থাকতে হবে। উত্তর আমেরিকা এবং ইউরোপের কোন বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স ডিগ্রীকে এম.ফিল ডিগ্রী-এর সমমান হিসেবে গণ্য করা হবে।

(ক) সনাতন পদ্ধতিতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পরীক্ষায় যে-কোন একটিতে প্রথম শ্রেণী এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণী থাকতে হবে।

(খ) গ্রেডিং পদ্ধতিতে বিশ্ববিদ্যালয় বিধি অনুযায়ী স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় বিজ্ঞানের ক্ষেত্রে প্রত্যেকটিতে জিপি-এ/সিজিপিএ ৩.৫০ থাকতে হবে এবং সমাজ বিজ্ঞান/ সমাজকর্ম এর ক্ষেত্রে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর উভয় ক্ষেত্রে জিপি (গ্রেড পয়েন্ট) ৪.০০ স্কেলে যেকোন একটিতে ৩.২৫ ও অন্যটিতে ৩.৫০ থাকতে হবে

বিঃদ্র: স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পরীক্ষায় জিপি (গ্রেড পয়েন্ট) ৪.০০ স্কেলের অধিক হলে অতিরিক্ত প্রতি স্কেলের জন্য ৪.০০ স্কেলে জন্য জিপিএ/সিজিপিএ এর সাথে ০.৫০ যোগ করে যোগ্যতা নির্ধারিত হবে।

৩। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ গবেষণা প্রতিষ্ঠানে ০৩(তিন) বছরের শিক্ষকতা/ গবেষণার অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিষয়ে Peer Review জার্নাল কমপক্ষে দু'টি প্রকাশিত প্রবন্ধ থাকতে হবে।

অথবা

স্বীকৃত ইউরোপীয়/ উত্তর আমেরিকান/ নিউজিল্যান্ড/ অস্ট্রেলীয় বিশ্ববিদ্যালয়/ গবেষণা প্রতিষ্ঠান থেকে পিএইচ.ডি. বা সমতুল্য ডিগ্রী/ মাস্টার্স/ এমলিট/ এম.ফিল. ডিগ্রী থাকলে তিনি ফেলো (সহকারী অধ্যাপক পদমর্যাদা) পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

বিঃদ্র: ইতোপূর্বে যাঁরা আবেদন করেছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(প্রফেসর ড. গোলাম সাব্বির সান্তার)
পরিচালক
পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট
রাজশাহী বিশ্ববিদ্যালয়